

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.০৪.০০১.১৯-২০২


তারিখঃ ১০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ
২৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাক্ষর জালিয়াতি ও ভুয়া নিয়োগপত্র ইস্যুর বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-১ শাখার নাম ব্যবহার করে এবং শাখার দায়িত্বপ্রাপ্ত নিম্নস্বাক্ষরকারী কর্মকর্তার স্বাক্ষর জালিয়াতি করে প্রকাশিত একটি ভুয়া নিয়োগপত্র দৃষ্টিগোচর হয়েছে। উক্ত ভুয়া নিয়োগপত্রের মাধ্যমে ০৯ (নয়) জন ব্যক্তিকে কথিত 'স্বাস্থ্য সেবা অধিদপ্তরের অফিস সহকারী (২য় শ্রেণি)' পদে নিয়োগ প্রদানের কথা বলা হয়েছে এবং আগামী ২৯/০৩/২০২০ খ্রিঃ রবিবার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ও প্লাস্টিক সার্জারি ইউনিটে যোগদান করতে বলা হয়েছে। উক্ত স্বাক্ষর জালিয়াতি এবং ভুয়া নিয়োগপত্র ইস্যুর সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উক্ত ভুয়া নিয়োগপত্র ইস্যু এবং স্বাক্ষর জালিয়াতির বিষয়ে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে,


(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

অফিসার ইনচার্জ
রমনা থানা
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।